আলোচনা : আলোচ্য বিষয়-১৮ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। দরপত্র বাক্স গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করেছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১৮ এর ২৪ (চব্বিশ)টি প্রকল্পের দর অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন করা হয়। আলোচ্য বিষয়-১৮ এর ক্রমিক নং-২, ১১, ১২, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২ ও ২৩ এ উল্লেখিত প্রকল্পগুলোর বাজেট বরাদ্দ সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১৩, ১৪ ও ২৪ এর প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৯: ডিওএইচএস সমূহে অননুমোদিত নির্মাণ নিয়মিতকরণ প্রসংগে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১১ মে ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.০২.১১.০৫.১৬ নং পত্র।

আলোচনা : অননুমোদিত নির্মাণের বিষয়ে সেনাসদরের পত্রের সিদ্ধান্তগুলো ঘটনোত্তর অনুমোদন করা এবং এর বাস্তবায়ন শুরু করা যেতে পারে।

সিদ্ধান্ত : সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরকে উপরোক্ত সিদ্ধান্তগুলো ঘটনোত্তর অনুমোদন করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২০: গত ০৩ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩৮ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা সেনানিবাস আবাসিক এলাকার ৭ নং রোডের প্লট নং-২৮৭/৩ ও ২৮৭/৪ এ যাতায়াতের লক্ষ্যে উক্ত যাতায়াতের রাস্তা প্রশস্ত করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন উপস্থাপন।

আলোচনা : ঢাকা সেনানিবাস আবাসিক এলাকার রোড নং-৭ এর প্লট ও ফ্ল্যাটে যাতায়াতের লক্ষ্যে উক্ত যাতায়াতের রাস্তা প্রশস্ত করার জন্য মেজর মোঃ রুহুল আলম (অবঃ), সভাপতি, রোদশী-শ্রাবন্তী কিংডম এপার্টমেন্ট ওনার্স এসোসিয়েশন, ২৮৭/৩, ২৮৭/৪, রোড-৭, ঢাকা সেনানিবাস এর ২৭ জানুয়ারি ২০১৬ তারিখের আবেদন। বিষয়টি গত ০৩ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে সরেজমিন পরিদর্শন করে এ বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করার জন্য সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের সভাপতিত্বে একটি কমিটি করা হয়। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ২৮৭/৩ ও ২৮৭/৪ নং প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাটসমূহে যাতায়াতের জন্য রাস্তা প্রশস্ত করার লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের সীমানা দেয়ালের কিছু অংশ ভেঙ্গে ৯৪.০০ বর্গফুট জমি ছেড়ে দেয়া যেতে পারে এবং দেয়াল ভেঙ্গে পুনঃনির্মাণ এবং আনুষঙ্গিক কাজ আবেদনকারী মেজর মোঃ রুহুল আলম (অবঃ), সভাপতি, রোদশী শ্রাবন্তী কিংডম এ্যাপার্টমেন্ট ওনার্স এসোসিয়েশন নিজ দায়িত্বে ও নিজ খরচে সম্পন্ন করবেন মর্মে কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাস আবাসিক এলাকার ৭ নং রোডের প্লট নং-২৮৭/৩ ও ২৮৭/৪ এ যাতায়াতের লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের সীমানা দেয়ালের কিছু অংশ ভেঙ্গে রাস্তা প্রশস্ত করার অনুমোদন প্রদান করা হয়। তবে ক্যান্টনমেন্ট বোর্ডের সীমানা দেয়াল ভাঙ্গা, পুনঃনির্মাণ এবং কোন ঘর ক্ষতিগ্রস্ত হলে তা পুনঃনির্মাণের যাবতীয় ব্যয় মেজর মোঃ রুহুল আলম (অবঃ), সভাপতি, রোদশী শ্রাবন্তী কিংডম এ্যাপার্টমেন্ট ওনার্স এসোসিয়েশন-কে ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

আলোচ্য বিষয়-২১: গত ০৩ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩৯ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার সিএস-৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং প্লটে ০২টি বেসমেন্ট ফ্লোরসহ রাওয়ার ১২ তলা বাণিজ্যিক ভবনের উপর অস্থায়ী শেড নির্মাণের নকশা অনুমোদন প্রসংগে আলোচনা।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার সিএস-৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং প্লটে ০২টি বেসমেন্ট ফ্লোরসহ রাওয়া ক্লাবের ১২ তলা বাণিজ্যিক ভবন নির্মাণের নকশা ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন করা হয়। উক্ত ভবনের উপর অস্থায়ী শেড নির্মাণের নকশা অনুমোদনের জন্য আবেদন করা হয়েছে। বিষয়টি গত ০৩ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যবিষয়-৩৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে সরেজমিন পরিদর্শন করে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক সরেজমিন পরিদর্শন এবং অনুমোদিত নকশা পর্যালোচনা করে ১২তলার উপর অস্থায়ী শেড নির্মাণ করার বিষয়টি মূল নকশায় নেই মর্মে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী সভাকে জানান।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার সিএস-৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং প্লটে ০২টি বেসমেন্ট ফ্লোরসহ রাওয়ার ১২ তলা বাণিজ্যিক ভবনের উপর অস্থায়ী শেড নির্মাণের নকশা অনুমোদন করা গেল না। বিষয়টি আবেদনকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-২২: আর্মি ইউনিট, ঢাকা সেনানিবাসের ২৩ মে ২০১৬ তারিখের ২১২/কিউ নং পত্রের প্রেক্ষিতে এমপি সপ্তাহ পালন উপলক্ষে বিভিন্ন দ্রব্যসামগ্রী (৫০টি ট্রাফিক টর্চ, ৫০টি রিফ্লেক্টিং ক্রস বেল্ট, সাইন বোর্ড লেখার জন্য ১০ গ্যালন সাদা রং ও ১০ গ্যালন লাল রং) সরবরাহ করার জন্য মোট ১,০৯,৫০০.০০ (এক লক্ষ নয় হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : এমপি সপ্তাহ পালন উপলক্ষে আর্মি ইউনিট, ঢাকা সেনানিবাসের ২৩ মে ২০১৬ তারিখের ২১২/কিউ নং পত্রের মাধ্যমে ৫০টি ট্রাফিক টর্চ, ৫০টি রিফ্লেক্টিং ক্রস বেল্ট, সাইন বোর্ড লেখার জন্য ১০ গ্যালন সাদা রং ও ১০ গ্যালন লাল রং সরবরাহ করার জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখিত মালামাল সরবরাহের জন্য আনুমানিক ১,০৯,৫০০.০০ (এক লক্ষ নয় হাজার পাঁচশত) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : এমপি সপ্তাহ পালন উপলক্ষে আর্মি ইউনিট, ঢাকা সেনানিবাস-কে ৫০টি ট্রাফিক টর্চ, ৫০টি রিফ্লেক্টিং ক্রস বেল্ট, সাইন বোর্ড লেখার জন্য ১০ গ্যালন সাদা রং ও ১০ গ্যালন লাল রং সরবরাহের জন্য ১,০৯,৫০০.০০ (এক লক্ষ নয় হাজার পাঁচশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা হ'ল। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৩: স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্টে এবং আইএসএসবি এর উত্তর পার্শ্বে (এয়ারপোর্টগামী রোড) গেইট নির্মাণ প্রসংগে।

আলোচনা : স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্টের সামনে একটি গেইট নির্মাণের লক্ষ্যে লে-আউট প্রদান করে উর্ধ্বতন সেনা কর্তৃপক্ষকে সরজমিন পরিদর্শন করানো হয়েছে। উক্ত স্থানে গেইট নির্মাণের বিষয়ে প্রাথমিক পদক্ষেপ হিসেবে ডিজাইন, ড্রয়িং প্রস্তুত করার জন্য কনসালটেন্ট নিয়োগের প্রক্রিয়া চলছে। আইএসএসবি এর উত্তর পার্শ্বের পুরাতন গেইটটি ১৮ ফুট প্রস্থের। উক্ত স্থানের রাস্তা ৩০ ফুট চওড়া থাকায় নিরাপদে যান চলাচলের স্বার্থে একটি প্রশস্ত ও দৃষ্টি নন্দন গেইট নির্মাণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত : স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট এবং আইএসএসবি এর উত্তর পার্শ্বে (এয়ারপোর্টগামী রোড) গেইট নির্মাণের প্রস্তাব অনুমোদন করা হয়। বিস্তারিত নকশা ও মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৪: সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা রোপণের লক্ষ্যে বিভিন্ন মালামাল ক্রয়ের জন্য ৭,২৮,৩৮০.০০ (সাত লক্ষ আটাশ হাজার তিনশত আশি) টাকার ব্যয়ের অনুমোদন। উক্ত ব্যয় আর্মি, নৌ বাহিনী এবং বিএএফ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা রোপণের লক্ষ্যে নিম্নবর্ণিত মালামাল ক্রয়ের জন্য ৭,২৮,৩৮০.০০ (সাত লক্ষ আটাশ হাজার তিনশত আশি) টাকা ব্যয় হবে ঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | টিএসপি সার | ২০ বস্তা | ২২০০.০০ | ৪৪০০০.০০ |
| ২। | এমপি সার | ১০ বস্তা | ২৫০০.০০ | ২৫০০০.০০ |
| ৩। | ইউরিয়া সার | ১০ বস্তা | ১৫০০.০০ | ১৫০০০.০০ |
| ৪। | খৈল (সরিষা) | ২৫ বস্তা | ৩৫০০.০০ | ৮৭৫০০.০০ |
| ৫। | ফুরাডান ঔষধ | ৪০ প্যাকেট | ১৯০.০০ | ৭৬০০.০০ |
| ৬। | টাবগর ঔষধ | ১৫ বোতল (বড়) | ৫০০.০০ | ৭৫০০.০০ |
| ৭। | রিপকট (বড়) | ২০ বোতল | ৫০০.০০ | ১০০০০.০০ |
| ৮। | ভার্টিমেক্স (বড়) | ৬০ বোতল | ৪৮০.০০ | ২৮৮০০.০০ |
| ৯। | ডায়াথিন এম ৪৫ | ৩০ প্যাকেট (০১ কেজির) | ১৫০.০০ | ৪৫৮০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০। | ভক্সাল সুপার (বড়) | ১০ বোতল | ৫০০.০০ | ৫০০০.০০ |
| ১১। | সেভিং পাউডার (বড়) | ৫০ প্যাকেট | ২০০.০০ | ১০০০০.০০ |
| ১২। | বরাক বাশ | ১৫০টি | ৩৫০.০০ | ৫২৫০০.০০ |
| ১৩। | মুলিবাশ/মাখাল বাশ | ২৫০টি | ২৫০.০০ | ৬২৫০০.০০ |
| ১৪। | সুতলী | ৫০ কেজি | ১২০.০০ | ৬০০০.০০ |
| ১৫। | গুনা তার | ২০ কেজি | ১২০.০০ | ২৪০০.০০ |
| ১৬। | মোটা পলিথিন (চালের জন্য) | ২৫০ কেজি | ২০০.০০ | ৫০০০০.০০ |
| ১৭। | ৪"/৫" পলিথিন ব্যাগ | ১৩০ কেজি | ৩০০.০০ | ৩৯০০০.০০ |
| ১৮। | ৮"/৯" পলিথিন ব্যাগ | ২০০ কেজি | ৩০০.০০ | ৬০০০০.০০ |
| ১৯। | গোবর সার | ২৫ ট্রাক | ৩৭০০.০০ | ৯২৫০০.০০ |
| ২০। | কসটেপ (বড়) | ২০টি | ১০০.০০ | ২০০০.০০ |
| ২১। | ভিটি মাটি | ২৫ ট্রাক | ৩৭০০.০০ | ৯২৫০০.০০ |
| ২২। | ১০" মাটির টব | ৩০০টি | ৮০.০০ | ২৪০০০.০০ |
| | | | মোট = | ৭,২৮,৩৮০.০০ |

সিদ্ধান্ত : সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা রোপণের লক্ষ্যে বিভিন্ন মালামাল ক্রয়ের জন্য ৭,২৮,৩৮০.০০ (সাত লক্ষ আটাশ হাজার তিনশত আশি) টাকার ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত ব্যয় আর্মি, নৌ বাহিনী এবং বিএএফ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৫: সেনাভবনের ঘাস কাটার জন্য কোরিয়ার তৈরী ০১(এক)টি ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : সেনাভবন ও সংলগ্ন এলাকায় নিয়মিত ঘাস কাটার জন্য একটি ব্যাকপ্যাক মেশিন ক্রয় করা প্রয়োজন। কোরিয়ার তৈরী একটি ব্যাকপ্যাক মেশিন ক্রয় করতে আনুমানিক ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : সেনাভবন ও সংলগ্ন এলাকায় নিয়মিত ঘাস কাটার জন্য একটি কোরিয়ার তৈরী একটি ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের জন্য ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৬: বনানী সামরিক কবরস্থানে ঘাস কাটার জন্য কোরিয়ার তৈরী ০১(এক)টি ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের নিমিত্ত ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় কবরস্থানের নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : বনানী সামরিক কবরস্থান এলাকার সৌন্দর্য বর্ধন ও নিয়মিত ঘাস কাটার লক্ষ্যে একটি ব্যাকপ্যাক মেশিন ক্রয় করা প্রয়োজন। কোরিয়ার তৈরী একটি ব্যাকপ্যাক মেশিন ক্রয় করতে আনুমানিক ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : বনানী সামরিক কবরস্থান এলাকার সৌন্দর্য বর্ধন ও নিয়মিত ঘাস কাটার লক্ষ্যে কোরিয়ার তৈরী একটি ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের জন্য ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় কবরস্থানের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৭: সেনানিবাস এলাকায় রাত্রিকালীন জরুরী কাজের জন্য টর্চলাইট, লাইট রিফ্লেক্টিং জ্যাকেট, রেইনকোট ও ছাতা ক্রয়ের জন্য ৩৪,৭০০.০০ (চৌত্রিশ হাজার সাতশত) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : ঢাকা সেনানিবাস এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নাগরিকদের সার্বক্ষণিক সেবা প্রদান করা হয়ে থাকে। প্রয়শ রাতের বেলা বিভিন্ন জরুরী সেবা প্রদান করতে হয়। এ কাজের জন্য টর্চলাইট, লাইট রিফ্লেক্টিং জ্যাকেট, রেইনকোট ও ছাতা প্রয়োজন। নিম্নবর্ণিত মালামাল ক্রয়ের জন্য আনুমানিক ৩৪,৭০০.০০ (চৌত্রিশ হাজার সাতশত) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | টর্চলাইট | ০৪টি | ৮০০.০০ | ৩২০০.০০ |
| ২। | লাইট রিফ্লেক্ট জ্যাকেট | ২০টি | ৬৫০.০০ | ১৩০০০.০০ |
| ৩। | রেইনকোট | ১০টি | ১২৫০.০০ | ১২৫০০.০০ |
| ৪। | ছাতা (বড়) | ১০টি | ৬০০.০০ | ৬০০০.০০ |
| | | | মোট = | ৩৪,৭০০.০০ |

সিদ্ধান্ত : সেনানিবাস এলাকায় রাত্রিকালীন জরুরী কাজের জন্য টর্চলাইট, লাইট রিফ্লেক্টিং জ্যাকেট, রেইনকোট ও ছাতা ক্রয়ের জন্য ৩৪,৭০০.০০ (চৌত্রিশ হাজার সাতশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৮: সেনানিবাস এলাকায় সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা ও মালামাল ক্রয়ের নিমিত্ত ১,২৪,১০০.০০টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : সেনানিবাস এলাকায় সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা ও নিম্নবর্ণিত মালামাল ক্রয়ের জন্য আনুমানিক ১,২৪,১০০.০০ (এক লক্ষ চব্বিশ হাজার একশত) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | এভারভিউ ফুলের চারা | ২০০টি | ৫০.০০ | ১০০০০.০০ |
| ২। | মিনি রংগন ফুলের চারা | ২০০টি | ২৫.০০ | ৫০০০.০০ |
| ৩। | মিনি টগর ফুলের চারা | ২০০টি | ৩০.০০ | ৬০০০.০০ |
| ৪। | রাধাচূড়া ফুলের চারা | ১২টি | ১৫০.০০ | ১৮০০.০০ |
| ৫। | মাখাল বাশ (গাছে খুটি দেয়ার জন্য) | ৪০০টি | ২৫০.০০ | ১০০০০০.০০ |
| ৬। | সুতলি | ১০ কেজি | ১৩০.০০ | ১৩০০.০০ |
| | | | মোট = | ১,২৪,১০০.০০ |

সিদ্ধান্ত : সেনানিবাস এলাকায় সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা ও বিভিন্ন মালামাল ক্রয়ের ১,২৪,১০০.০০ টাকা (এক লক্ষ চব্বিশ হাজার একশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করতে।

আলোচ্য বিষয়-২৯: বীর মুক্তিযোদ্ধা মেজর হাফিজ এর কবর বাঁধাই কাজের জন্য ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ বনানী সামরিক কবরস্থানে যে সকল মুক্তিযোদ্ধাকে দাফন করা হয় তাদের কবর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বাঁধাই করা হয়ে থাকে। বীর মুক্তিযোদ্ধা মেজর হাফিজ-কে বনানী সামরিক কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে। তাঁর কবর বাঁধাই করতে আনুমানিক ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসস্থ বনানী সামরিক কবরস্থানে বীর মুক্তিযোদ্ধা মেজর হাফিজ এর কবর বাঁধাই কাজের জন্য ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় কবরস্থানের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩০: মিরপুর ময়লা খানায় গাড়ী প্রেবেশের জন্য ইটের সলিং রাস্তা নির্মাণ কাজের জন্য ৬,৮৫,৭৫০.০০ (ছয় লক্ষ পঁচাশি হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : সংশ্লিষ্ট ময়লাখানার ভিতরে ট্রাক প্রবেশের সুযোগ না থাকায় যত্রতত্র ময়লা ফেলা হচ্ছে। বৃষ্টিতে কাদা হয়ে গেছে। পরিকল্পনা মাফিক নকশা তৈরী করে প্রবেশ রাস্তা নির্মাণ করা যেতে পারে।

সিদ্ধান্ত : মিরপুর ময়লা খানায় গাড়ী প্রেবেশের জন্য ইটের সলিং রাস্তা নির্মাণ কাজের বিস্তারিত নকশা ও ব্যয় প্রাক্কলন তৈরী করে বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে।

আলোচ্য বিষয়-৩১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ময়লা আবর্জনা সংগ্রহ ও অপসারণ কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাকের জন্য ১২টি ত্রিপল ক্রয়ের ৪২,০০০.০০ (বিয়াল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত ব্যয় আর্মি ও সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের ট্রাক দ্বারা সেনানিবাসের বিভিন্ন স্থান হতে ময়লা-আবর্জনা সংগ্রহ করে ডাম্পিং গ্রাউন্ডে নিয়ে ফেলা হয়। ময়লা-আবর্জনা পরিবহনের সময় যাতে আশেপাশে ছড়িয়ে-ছিটিয়ে এবং দুর্গন্ধ ছড়িয়ে পরিবেশ দূষিত করতে না পারে সেজন্য ত্রিপল দিয়ে ঢেকে নেয়া হয়। ১২টি ত্রিপল পুরানো হয়ে প্রায় নষ্ট হয়ে গিয়েছে বিধায় নতুন ১২টি ত্রিপল ক্রয় করা প্রয়োজন। প্রতিটি ত্রিপল ৩,৫০০.০০ (তিন হাজার পাঁচশত) টাকা হিসেবে ১২টি ত্রিপল ক্রয় করতে ৪২,০০০.০০ (বিয়াল্লিশ হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ময়লা আবর্জনা সংগ্রহ ও অপসারণ কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাকের জন্য ১২টি ত্রিপল ক্রয়ের ৪২,০০০.০০ (বিয়াল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি ও সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস (ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০) এর জন্য ০৩টি টায়ার ক্রয়ের লক্ষ্যে ২০,৭০০.০০ (বিশ হাজার সাত শত) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০ নং মাইক্রোবাসের টায়ারগুলো অনেক দিনের পুরানো এবং ব্যবহার অনুপযোগী হয়ে পড়ায় ৩টি টায়ার দ্রুত পরিবর্তন করা প্রয়োজন। প্রতিটি টায়ার ৬,৯০০.০০ (ছয় হাজার নয়শত) টাকা হিসেবে ৩টি টায়ার ক্রয় করতে ২০,৭০০.০০ (বিশ হাজার সাত শত) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০ নং মাইক্রোবাসের জন্য ৩টি টায়ার (সাইজ-১৮৫/৭০আর১৪-৮৮এইচ) ক্রয় করতে ২০,৭০০.০০ (বিশ হাজার সাত শত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩৩: নাখালপাড়াস্থ বাইতুল আতিক জামে মসজিদ কমপ্লেক্স কমিটি পুনর্গঠন এবং মসজিদের পূর্ব দিকে সম্প্রসারণ কাজ প্রসংগে।

আলোচনা : নাখালপাড়াস্থ বাইতুল আতিক জামে মসজিদে দীর্ঘ ১১ বছর যাবৎ একই মসজিদ কমিটি কাজ করছে। নিয়ম অনুযায়ী প্রতি তিন বছর পর পর নতুন কমিটি গঠনের রীতি রয়েছে। এছাড়াও এলাকাবাসীর পক্ষ থেকেও নতুন কমিটি গঠন এবং মসজিদ Horizontal সম্প্রসারণ কাজ পুনঃবিবেচনার জন্য আবেদন করা হয়েছে।

সিদ্ধান্ত : আপাততঃ মসজিদ সম্প্রসারণ কাজ স্থগিত করা হয়। বোর্ডের নির্বাহী কর্মকর্তা ও মসজিদ কমিটির সভাপতি স্বল্প পরিসরের ৫/৬ সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠন করবেন।

আলোচ্য বিষয়-৩৪: মিরপুর ডিওএইচএস এর ১২ নং রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ।

আলোচনা : মিরপুর ডিওএইচএস এর ১২ নং রাস্তার মেরামত ও কার্পেটিং কাজটি অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এর ১২ নং রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ কাজের বিস্তারিত মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩৫: সমুন্নত স্বাধীনতা গেটের সামনে মাটি ভরাট ও ডেকোরেশন কাজ।

আলোচনা : সমুন্নত স্বাধীনতা গেটের সামনে জায়গাটি অসমতল অবস্থায় আছে। যা সেনানিবাসের সৌন্দর্যের সাথে অসামঞ্জস্যপূর্ণ।

সিদ্ধান্ত : সমুন্নত স্বাধীনতা গেটের সামনে মাটি ভরাট ও ডেকোরেশন কাজের মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩৬: শহীদ জাহাঙ্গীর গেটের সামনে বাগানের পার্শ্বে গ্রীল স্থাপন কাজ।

আলোচনা : শহীদ জাহাঙ্গীর গেটের পূর্ব দিকের ল্যান্ড স্কেপিং এর গ্রীল না থাকায় বাঁশের খুঁটি-রশি ইত্যাদি দ্বারা কাজ চালানো হচ্ছে, যা দৃষ্টিকটু। জরুরী ভিত্তিতে গ্রীল স্থাপন করে বাঁশ-রশি সরিয়ে ফেলা দরকার।

সিদ্ধান্ত : শহীদ জাহাঙ্গীর গেটের সামনে বাগানের পার্শ্বে গ্রীল স্থাপন কাজের মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩৭: গত ০৩ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৪৩বিবিধ(১) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল পুরাতন ভবন সংলগ্ন সাবেক বাতেন ফিলিং স্টেশনের খালি জায়াগায় বাস স্টপেজ, পাবলিক টয়লেট, দোকান ও ফুড কর্ণার নির্মাণ ও পরিচালনা সংক্রান্ত 'কে-মার্ক' এর খসড়া চুক্তিপত্র পর্যালোচনার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন।

আলোচনা : চুক্তি সম্পাদনপূর্বক জরুরী ভিত্তিতে কাজ শুরু করা দরকার। চুক্তির খসড়াটি সভায় আবলোকন করা হয়েছে। যথাযথ মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতঃ প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রতিস্বাক্ষর করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : চুক্তি সম্পাদনের অনুমতি প্রদান করা হয়। চুক্তিপত্র পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (PPP) পদ্ধতির BOT (Build, operate and transfer) ধরনের হবে। এতে প্রস্তাবিত জায়গায় নকশা অনুযায়ী স্থাপনা নির্মাণ করবে কে-মার্ক এবং নির্দিষ্ট মাশুলের বিনিময়ে পরিচালনা করবে। নির্মাণকারী প্রতিষ্ঠান ০৫ (পাঁচ) বছর পর বিনা শর্তে সমুদয় স্থাপনা বোর্ডের অনুকূলে হস্তান্তর করবে। এরূপ কাঠামো অনুযায়ী একটি খসড়া চুক্তি দাখিল করার জন্য কে মার্ক-কে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩৮: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ২টি সাশ্রয়ী প্রিন্টার সরবরাহ।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বহিঃ বিভাগের রোগী দেখার জন্য ডাক্তার রুমে এবং রিসিপশনে ল্যাবরোটরির পরীক্ষার রশিদ কাটার জন্য যে সকল প্রিন্টার ব্যবহৃত হচ্ছে তা অনেক ব্যয় বহুল। উক্ত প্রিন্টার পরিবর্তন করে তুলনামূলক কম খরচের ২টি প্রিন্টার ক্রয় করতে আনুমানিক ১৮,০০০.০০ (আঠার হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে নির্বাহ করা হবে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হসপাতালের জন্য ২টি মনোক্রম লেজার প্রিন্টার ক্রয়ের লক্ষ্যে ১৮,০০০.০০ (আঠার হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩৯: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর বিভাগে অটোমেশন চালু করার জন্য ৬টি ডেস্কটপ কম্পিউটার সরবরাহ।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল অটোমেশনের জন্য সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। আউটডোর রোগীদের সেবা অটোমেশনের মাধ্যমে প্রদান করা হলেও ইনডোর রোগীদের সেবা কার্যক্রম অটোমেশনের আওতায় আনা যায়নি। উক্ত কাজের জন্য ০৬টি নতুন ডেস্কটপ কম্পিউটার ক্রয় করতে আনুমানিক ২,৪০,০০০.০০ (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ০৬ (ছয়)টি ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের জন্য ২,৪০,০০০.০০ (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৪০: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোরে ফ্রি রোগীর অপারেশনের জন্য সার্জিক্যাল আইটেম সরবরাহ।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সার্জিকেল আইটেমের দরপত্র আহবান করা হলে কিছু কিছু আইটেম উক্ত দরপত্রের উল্লেখ না থাকায় ইনডোরে ফ্রি রোগীদের চিকিৎসার প্রদান ব্যহত হচ্ছে। হাসপাতালে ফ্রি রোগীদের অপারেশনে ব্যবহারের জন্য নিম্নবর্ণিত মালামাল সরবরাহ করা প্রয়োজনঃ-

| Sl No | Name of Medicine | Quantity |
|---|---|---|
| 01. | I V Canula Size 20 G, B.Braun, Germany | 100 Pice |
| 02. | I V Canula Size 22 G, B.Braun, Germany | 50 Pice |
| 03. | I V Canula Size 24 G ,B.Braun, Germany | 30 Pice |
| 04. | Vicryl No -1 Cutting Body, Ethicon, India | 24 Pice |
| 05. | Vicryl No -1, Round Body, Ethicon, India | 12Pice |
| 06. | Vicryl No -1/0, Cutting Body, Ethicon, India | 20 Pice |
| 07. | Vicryl No -1/0, Round Body, Ethicon, India | 12Pice |
| 08. | Vicryl No -2/0, Cutting Body, Ethicon, India | 20 Pice |
| 09. | Vicryl No -2/0, Round Body, Ethicon, India | 12Pice |
| 10. | Vicryl No -3/0 Cutting Body, Ethicon, India | 20 Pice |
| 11. | Vicryl No -3/0 Round Body, Ethicon, India | 12Pice |
| 12. | Atro : Catgut -1 Round Body, Ethicon, India | 24 Pice |
| 13. | Atro : Catgut -1/0 Round Body, Ethicon, India | 20 Pice |
| 14. | Atro : Catgut -3/0 Round Body, Ethicon, India | 20 Pice |
| 15. | Atro : Catgut -4/0 Round Body, Ethicon, India | 12Pice |
| 16. | Atro : Silk -1/0 Cutting Body, Ethicon, India | 20 Pice |
| 17. | Atro : Silk -1/0 Round Body, Ethicon, India | 12Pice |
| 18. | Atro : Silk -2/0 Cutting Body, Ethicon, India | 12 Pice |
| 19. | Atro : Silk -2/0 Round Body, Ethicon, India | 12Pice |
| 20. | Atro : Silk -3/0 Cutting Body, Ethicon, India | 12 Pice |
| 21. | Atro : Silk -3/0 Round Body, Ethicon, India | 12Pice |
| 22. | Prolin – 1, Cutting Body, Ethicon, India | 24 Pice |
| 23. | Prolin – 1, Round Body, Ethicon, India | 12Pice |
| 24. | Prolin – 1/0, Cutting Body, Ethicon, India | 12 Pice |
| 25. | Prolin – 1/0, Round Body, Ethicon, India | 12Pice |
| 26. | Prolin – 2/0, Cutting Body, Ethicon, India | 12 Pice |
| 27. | Prolin – 2/0, Round Body, Ethicon, India | 12Pice |
| 28. | Surgical Tape, Size : 2", JMS, Japan | 50 Pice |

সিদ্ধান্ত : উপরোল্লিখিত সার্জিক্যাল মালামাল সরবরাহের জন্য দরপত্র আহবান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৪১: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সকল কেবিন এবং ওটি চেঞ্জিং রুম ডিষ্টেম্পার করণ।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ১০(দশ)টি কেবিনের ডিস্টেম্পার কাজ চলছে। অবশিষ্ট কেবিনের কাজ আগামী অর্থ বছরে সম্পাদন করা যেতে পারে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অবশিষ্ট কেবিন ও ও.টি চেঞ্জিং রুমের কাজ ২০১৬-২০১৭ অর্থ বছরে সম্পাদনের অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৪২: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেডিক্যাল, ল্যাবরেটরী, ইলেকট্রিক, স্যানিটারী ও স্টেশনারী মালামাল ক্রয়ের দরপত্র অনুমোদন।

আলোচনা : ২৮ মার্চ-২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৫৭বিবিধ(২) এর মাধ্যমে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেডিক্যাল, ল্যাবরেটরী, ইলেকট্রিক, স্যানিটারী ও স্টেশনারী মালামাল ক্রয়ের নিমিত্ত ২২,৩৫,৭৬৭.০০ (বাইশ লক্ষ পঁয়ত্রিশ হাজার সাতশত সাতষট্টি) টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়। এ প্রেক্ষিতে পত্রিকার মাধ্যমে দরপত্র আহবান করা হলে ৫টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি কর্তৃক দাখিলকৃত দরপত্র যাচাই বাছাই করে লট ১ ও ২ এর জন্য মেসার্স এসআর ট্রেডিং কর্পোরেশন (৪,৮৫,৮৯০.০০ + ৯,৯১,২০০.০০ = ১৪,৭৭,০৯০.০০) এবং লট ৩, ৪ ও ৫ এর জন্য মেসার্স এস আলম এন্টারপ্রাইজ (২,২৪,৮৫৬.০০ + ৩,১৯,২৬০.০০ + ১,২৯,৮৭৩.০০ = ৬,৭৩,৯৮৯.০০) এর দর সর্বনিম্ন বিবেচনা করে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন। উল্লেখ্য ৫টি লটের মোট মূল্য ২১,৫১,০৭৯/- টাকা যা মূল্যানুমানের চেয়ে কম। দরপত্র ও মূল্যানুমান যাচাই করে মেসার্স এস আর ট্রেডিং কর্পোরেশন ও মেসার্স এস আলম এন্টারপ্রাইজ এর দরপত্র অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেডিক্যাল, ল্যাবরেটরী, ইলেকট্রিক, স্যানিটারী ও স্টেশনারী মালামাল সরবরাহের জন্য টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির সুপারিশ মোতাবেক লট-১ ও ২ জন্য সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স এস আর ট্রেডিং এর (৪,৮৫,৮৯০.০০ + ৯,৯১,২০০.০০)= ১৪,৭৭,০৯০.০০ চৌদ্দ লক্ষ সাতাত্তর হাজার নব্বই) টাকা এবং লট-৩, ৪ ও ৫ এর জন্য মেসার্স এস আলম এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত (২,২৪,৮৫৬.০০ + ৩,১৯,২৬০.০০ + ১,২৯,৮৭৩.০০) = ৬,৭৩,৯৮৯.০০ (ছয় লক্ষ তিয়াত্তর হাজার নয়শত উননব্বই) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৪৩: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে সরকারী ছুটির দিন এবং ১৪০০ ঘটিকা হতে ০৮০০ ঘটিকা পর্যন্ত আউটডোর রোগীদের নিকট হতে ফি আদায় এবং অপারেশন থিয়েটারে ওটিএ চার্জ বন্টন।

আলোচনা : মিনিটিশীটের মাধ্যমে প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড এর অনুমোদনক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০১ জুন ২০১৬ তারিখের ঢাক্যাবো/এমএস/৯২/৯৫নং পত্রের মাধ্যমে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে দুপুর ২.০০ ঘটিকার পর হতে অনুমোদিত রোগী হতে ১০/-(দশ) টাকা এবং অন্যান্য রোগীর জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা হারে আউট-ডোর ফি নির্ধারণ করা এবং ০১ জুন ২০১৬ তারিখের ঢাক্যাবো/এমএস/৯২/৯৬নং পত্রের মাধ্যমে হাসপাতালের অপারেশন থিয়েটারের প্রয়োজনে ওটি টেকনিশিয়ানগণ কর্তব্যকালীন সময় ব্যতীত অতিরিক্ত সময়ে কর্তব্য পালন করলে প্রাপ্ত চার্জের ৫০% টাকা হাসপাতাল ফান্ডে এবং বাকী ৫০% টাকা অপারেশন থিয়েটারে কর্তব্যরত সংশ্লিষ্ট ওটিএ-দের মধ্যে বন্টন করার নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখিত নির্দেশনা হাসপাতালের চাহিদা অনুযায়ী যুক্তিসংগত বিধায় ঘটনোত্তর অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে সরকারী ছুটির দিন এবং ১৪০০ ঘটিকা হতে ০৮০০ ঘটিকা পর্যন্ত আউটডোর রোগীদের নিকট হতে যথাক্রমে অনুমোদিত রোগীদের ক্ষেত্রে ১০.০০ (দশ) টাকা এবং অন্যান্য রোগীদের ক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) টাকা ফি আদায় এবং অপারেশন থিয়েটারে অতিরিক্ত সময়ে কর্তব্য পালনের জন্য প্রাপ্ত চার্জের ৫০% হাসপাতাল তহবিলে এবং অবশিষ্ট ৫০% সংশ্লিষ্ট ওটিএগণ এর মধ্যে বন্টনের বিষয়টি ঘটনোত্তর অনুমোদন প্রদান করা হয়।

আলোচ্য বিষয়-৪৪: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে এডহক ভিত্তিতে চীফ মেডিক্যাল অফিসার নিয়োগ।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালটি একটি স্বয়ং সম্পূর্ণ ল্যাবসহ ১০০ শয্যার একটি হাসপাতাল হিসেবে পরিচালিত হলেও দীর্ঘদিন যাবত চীফ মেডিক্যাল অফিসারের পদটি শূন্য রয়েছে। যার ফলে হাসপাতালে আগত রোগীদের যথাযথ মানের সেবা প্রদান বিঘ্নিত হচ্ছে এবং প্রশাসনিক কার্যক্রমেও নানা জটিলতা সৃষ্টি হচ্ছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ বর্তমান প্রেক্ষাপটে চুক্তি ভিত্তিতে যথাযথ যোগ্যতা সম্পন্ন ও হাসপাতাল ব্যবস্থাপনায় অভিজ্ঞতা সম্পন্ন একজন চীফ মেডিক্যাল অফিসার নিয়োগের বিষয়ে মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল সুষ্ঠুভাবে পরিচালনা ও রোগীদের যথাযথ সেবা প্রদান নিশ্চিত করার জন্য চুক্তি ভিত্তিতে যথাযথ যোগ্যতা সম্পন্ন ও হাসপাতাল ব্যবস্থাপনায় অভিজ্ঞতা সম্পন্ন একজন চীফ মেডিক্যাল অফিসার নিয়োগ প্রদানের অনুমোদন প্রদান করা হয়। বহুল প্রচারিত একাধিক পত্রিকার মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪৫: গত ০৩ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩২ এর মাধ্যমে অনুমোদিত ১০টি প্রকল্পের ২৫.০৫ কোটি টাকার মূল্যানুমান ২৪.৯৭ কোটি টাকা হিসেবে সংশোধন।

আলোচনা : ডিপিপি'র আওতায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০টি প্রকল্প বাস্তবায়নের জন্য গত ০৩ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩২ এর মাধ্যমে ২৫.০৫ কোটি টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়। উক্ত মূল্যানুমানে কয়েকটি গাণিতিক ভুল সংশোধন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : গত ০৩ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩২ এর মাধ্যমে অনুমোদিত ১০টি প্রকল্পের ২৫.০৫ কোটি টাকার মূল্যানুমান ২৪.৯৭ কোটি টাকা হিসেবে সংশোধন করা হয়। ডিপিপি অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪৬: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সামনের খালি স্থান বিউটিফিকেশন এবং শপিং কমপ্লেক্সের উপরের দু'টি ফ্লোরে একটি সিনেপ্লেক্স নির্মাণ।

আলোচনা : মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের মূল পরিকল্পনা অনুযায়ী ১০ম ও ১১তম তলায় রেষ্টুরেন্ট ও কনভেনশন সেন্টার করার কথা। কিন্তু অদ্যাবধি উক্ত ফ্লোর দু'টিতে রেষ্টুরেন্ট/কনভেনশন সেন্টার পরিচালনার বিষয়ে কোন প্রস্তাব পাওয়া যায়নি। সম্প্রতি বিগ কর্পোরেশন কর্তৃক মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর উল্লিখিত দু'টি ফ্লোরে সিনেপ্লেক্স এবং মার্কেটের সামনে উন্মুক্ত ৬২ কাঠা জমির সৌন্দর্য বর্ধনসহ এলাকাবাসীর বিনোদন কেন্দ্র হিসেবে উন্নয়নের জন্য একটি প্রস্তাব করা হয়েছে। মার্কেটের স্ট্রাকচারাল কাঠামো উপরের দু'টি ফ্লোরে সিনেপ্লেক্স নির্মাণের জন্য উপযোগী মর্মে সভায় জানানো হয়। এছাড়াও উক্ত মার্কেটে সিনেপ্লেক্স ও বিনোদন কেন্দ্র স্থাপন করা হলে মার্কেটের প্রচার ও প্রসার বৃদ্ধি পাবে এবং বাণিজ্যিকভাবে প্রকল্পটি সফল হবে বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সামনের খালি স্থান (৬২ কাঠা) বিউটিফিকেশন এবং শপিং কমপ্লেক্সের উপরের দু'টি ফ্লোরে (১০ম ও ১১তম) একটি সিনেপ্লেক্স নির্মাণের বিষয়ে প্রাপ্ত প্রস্তাবনা অধিকতর পর্যালোচনার সুবিধার্থে বিস্তারিত ভৌত ও আর্থিক প্রস্তাব প্রেরণের জন্য বিগ কর্পোরেশন-কে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৪৭: শাখা প্রধান কর্তৃক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৩য় শ্রেণীর কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন মূল্যায়ন।

আলোচনা : ১৯৫৪ সালের ক্যান্টনমেন্ট সার্ভেন্টস রুলের ৩২(২) ধারায় ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার এবং প্রতিবেদনকারী কর্তৃপক্ষ হাসপাতাল, ডিসপেনসারী, স্কুলের ক্ষেত্রে এক্সিকিউটিভ অফিসার ব্যতীত অন্য কোন ব্যক্তি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন মূল্যানয়ন করবেন এবং তা মূল্যায়নের পর প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রতিস্বাক্ষরের জন্য দেখানো হবে মর্মে উল্লেখ রয়েছে। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মপরিধি বৃদ্ধির সাথে সাথে ৩য় শ্রেণীর কর্মচারীদের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে এবং তাদের কর্মদক্ষতা সম্পর্কে সংশ্লিষ্ট শাখা প্রধান অবগত। তাছাড়া কর্মব্যস্ততার কারণে তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রায় সময় দেখানো সম্ভবপর হয় না। সেই বিবেচনায় ৩য় শ্রেণীর কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংশ্লিষ্ট শাখার প্রধান অনুস্বাক্ষর করতে পারেন এবং যথানিয়মে প্রস্তুতকৃত ও অনুস্বাক্ষরিত বার্ষিক গোপনীয় প্রতিবেদনসমূহ ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার প্রতিস্বাক্ষর করলে দাপ্তরিক কার্যাবলী পরিচালনায় দক্ষতা বৃদ্ধি পাবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৩য় শ্রেণীর কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংশ্লিষ্ট শাখা প্রধান মূল্যায়ন করবেন এবং ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার প্রতিস্বাক্ষর করবেন।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'।

২৬/৭/১৬

*( মোঃ আবদুর রহিম খান )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

***পরিশিষ্ট-'ক'***

## ***সভায় উপস্থিত সদস্যবৃন্দ***

(১) ক্যাপ্টেন মোস্তাক আহমেদ (জি), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন এম ইউসুফ আলী — উপস্থিত
অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক — উপস্থিত
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহ্মেদ — অনুপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) জনাব মোঃ মাহবুব জামিল — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।